গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, বুধবার ১০ জুন ২০১৫, ২৭ জ্যৈষ্ঠ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ১৬৭টি জেলা সড়ক উন্নয়নে একনেকে প্রকল্প অনুমোদন : ব্যয় ধরা হয়েছে ৯৯৬ কোটি টাকা

২। জাতীয় সংসদে ৯ হাজার ৫০৮ কোটি টাকার সম্পূরক বাজেট পাস

৩। স্বাস্থ্য ও সামাজিক খাতে মানসম্পন্ন সেবার জন্য দক্ষ জনবল দরকার
: বিশ্ব এক্রিডিটেশন দিবসের সেমিনারে শিল্পমন্ত্রী

৪। সাগরে উদ্ধার হওয়া নাগরিকদের ফিরিয়ে আনার ব্যবস্থা হচ্ছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী

৫। ব্লগে অপরাধ ঠেকাতে নতুন আইন আসছে : আইনমন্ত্রী

৬। নতুন ৮ জেলায় হচ্ছে রেলপথ
-সমগ্র রুট ডুয়েল গেজে করা হবে : রেলমন্ত্রী

৭। বাংলাদেশ এখন ৪৪তম অর্থনীতির দেশ : ১১ মাসে এডিপি বাস্তবায়ন ৬৭ ভাগ

৮। ঈদ সামনে রেখে সক্রিয় জাল টাকা তৈরির চক্র : সরঞ্জামসহ চক্রের ৬ সদস্য গ্রেফতার

৯। পলাতক রাজাকার কমান্ডার হাসান আলীর মৃত্যুদণ্ড
: ফাঁসিতে ঝুলিয়ে বা গুলি করে দণ্ড কার্যকরের নির্দেশ

১০। নারী উদ্যোক্তাদের চাহিদার বিষয়ে ব্যাংকগুলো উদাসীন : বাংলাদেশ ব্যাংক গভর্নর

১১। রাজউকের প্রকল্পে ফ্ল্যাট তৈরি করতে চায় রিহ্যাব

১২। ২৫ হাজার হজ যাত্রীর কোটা বৃদ্ধির সুপারিশ নাকচ

১৩। প্রতীক্ষিত বাংলাদেশ-ভারত টেস্ট আজ শুরু

চলমান পাতা/২

১। ১৬৭টি জেলা সড়ক উন্নয়নে একনেকে প্রকল্প অনুমোদন : ব্যয় ধরা হয়েছে ৯৯৬ কোটি টাকা

দেশের ১৬৭টি জেলা সড়কের আওতাধীন ১৫৫৭ কিলোমিটার সড়কের উন্নয়নে প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রকল্পটির নাম জেলা সড়ক উন্নয়ন প্রকল্প। সম্পূর্ণ সরকারি অর্থায়নে ৯৯৬ কোটি টাকায় সড়ক ও জনপথ অধিদপ্তর ২০১৭ সালের জুনের মধ্যে এ প্রকল্পটি সম্পন্ন করবে। মোট ব্যয়ের মধ্যে ঢাকা জোনের অন্তর্ভুক্ত ১৬টি সড়ক উন্নয়নে ১০০ কোটি টাকা ব্যয় করা হবে। গতকাল ৯ জুন মঙ্গলবার প্রধানমন্ত্রী ও একনেক সভাপতি শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভায় প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)।

২। জাতীয় সংসদে ৯ হাজার ৫০৮ কোটি টাকার সম্পূরক বাজেট পাস

গতকাল ৯ জুন মঙ্গলবার জাতীয় সংসদে পাস হয়েছে চলতি ২০১৪-১৫ অর্থবছরের সম্পূরক বাজেট। চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের জন্য অতিরিক্ত ব্যয়ের সম্পূরক বাজেটের আকার হচ্ছে ৯ হাজার ৫০৮ কোটি ৫৭ লাখ ১২ হাজার টাকা। ২৭টি মন্ত্রণালয় ও বিভাগের বিপরীতে বাড়তি এ অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

৩। স্বাস্থ্য ও সামাজিক খাতে মানসম্পন্ন সেবার জন্য দক্ষ জনবল দরকার : বিশ্ব এক্রিডিটেশন দিবসের সেমিনারে শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, এবারের বিশ্ব এক্রিডিটেশন দিবসে স্বাস্থ্য ও সামাজিক সেবার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। মানসম্পন্ন ওষুধ উৎপাদন এবং এক্রিডিটেড স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠান গড়ে তোলার আহ্বান জানিয়ে তিনি বলেন, স্বাস্থ্য ও সামাজিক খাতে গড়ে ওঠা প্রতিষ্ঠানগুলো যাতে মানসম্পন্ন সেবা দিতে পারে, সে লক্ষ্যে এসব প্রতিষ্ঠান ও তাদের জনবলের গুণগতমান নিশ্চিত করা দরকার। পাশাপাশি তাদেরকে দক্ষ হিসেবে গড়ে তোলা দরকার। বিশ্ব এক্রিডিটেশন দিবস-২০১৬ উপলক্ষে গতকাল ৯ জুন মঙ্গলবার বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড (বিএবি) এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে 'এক্রিডিটেশন : স্বাস্থ্য ও সামাজিক সেবায় সহায়তা করে' শীর্ষক সেমিনার আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), নিউজ টুডে (পৃ.৩,ক.২)।

৪। সাগরে উদ্ধার হওয়া নাগরিকদের ফিরিয়ে আনার ব্যবস্থা হচ্ছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, মালয়েশিয়ার উপকূলবর্তী সাগর থেকে উদ্ধার হওয়া বাংলাদেশি নাগরিকদের এক মাসের মধ্যে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে। গতকাল ৯ জুন মঙ্গলবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.৮), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)।

৫। ব্লগে অপরাধ ঠেকাতে নতুন আইন আসছে : আইনমন্ত্রী

ব্লগিংয়ের মাধ্যমে সৃষ্ট অপরাধ ঠেকাতে নতুন আইন করা হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। পাশাপাশি ২০০৬ সালের তথ্যপ্রযুক্তি আইন সংশোধন করে যুগোপযোগী করা হবে বলেও জানান তিনি। গতকাল ৯ জুন মঙ্গলবার রাজধানীর সোনারগাঁও হোটেলে 'তথ্যপ্রযুক্তি আইন-২০০৬' নিয়ে আলোচনাকালে এ তথ্য দেন আইনমন্ত্রী। আইনমন্ত্রী আনিসুল হক বলেন, ব্লগিংয়ের মাধ্যমে বর্তমানে বিভিন্ন অপরাধ সংঘটিত হচ্ছে। এসব অপরাধ প্রতিরোধে নতুন আইন করা হবে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, ব্লগার হত্যাকারীদের আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করা হবে। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), যুগান্তর (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

৬। নতুন ৮ জেলায় হচ্ছে রেলপথ

-সমগ্র রুট ডুয়েল গেজে করা হবে : রেলমন্ত্রী

রেলওয়েকে আরো আধুনিকায়ন ও যাত্রী সেবা নিশ্চিত করতে ২০ বছর মেয়াদি মাস্টার প্ল্যানের আওতায় আরো আটটি জেলাকে আনা হচ্ছে রেলওয়ে নেটওয়ার্কের আওতায়। এগুলো হচ্ছে-কক্সবাজার, বরিশাল, গোপালগঞ্জ, সাতক্ষীরা, বাগেরহাট (খুলনা-মংলা), মুন্সীগঞ্জ, মাদারীপুর ও বরগুনা। বর্তমানে ৪৪ জেলায় রেলওয়ে নেটওয়ার্ক রয়েছে। রেলপথ মন্ত্রী মুজিবুল হক জানিয়েছেন, রেলওয়েকে গণমুখী, নিরাপদ, সাশ্রয়ী এবং আরামদায়ক গণপরিবহণ প্রতিষ্ঠান হিসেবে যাত্রীদের কাঙ্ক্ষিত প্রত্যাশা পূরণে সরকার কাজ করছে। এ জন্য নানামুখি পদক্ষেপ নেওয়া হয়েছে। বাড়ানো হচ্ছে আরো আট জেলায় রেলওয়ে নেটওয়ার্ক। আর বর্তমান সরকারের আমলেই সমগ্র রেলপথ ডুয়েল গেজে রূপান্তরিত করা হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৩), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। বাংলাদেশ এখন ৪৪তম অর্থনীতির দেশ : ১১ মাসে এডিপি বাস্তবায়ন ৬৭ ভাগ

বাংলাদেশের অর্থনীতি এখন বিশ্বের ৪৪তম। এ হিসাব চলতি মূল্যের ভিত্তিতে। এ বছরের ১৪ এপ্রিল বিশ্বব্যাংকের জিডিপি প্রতিবেদন ও একই মাসে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। গতকাল ৯ জুন মঙ্গলবার অনুষ্ঠিত একনেক সভায় পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ তথ্য উপস্থাপন করেন। মন্ত্রী এ সময় বলেন, 'এ দুটো প্রতিষ্ঠানের সাম্প্রতিক তথ্য মতে ২০১৩ সালে চলতি মূল্যে বাংলাদেশের জিডিপি বিশ্বে ৫৮তম স্থানে ছিল। এখন ২০১৫ সালে জিডিপিতে বাংলাদেশের অবস্থান বিশ্বে ৪৪তম। অপরদিকে ক্রয় ক্ষমতার ভিত্তিতে (পিপিপি) ২০১৩ সালে বাংলাদেশের অবস্থান যেখানে ৩৬তম ছিল এখন তা ৩৩তম স্থানে দাঁড়িয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), প্রথম আলো (পৃ.১৩,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৮), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন বিজনেস (পৃ.১,ক.৫)।

৮। ঈদ সামনে রেখে সক্রিয় জাল টাকা তৈরির চক্র : সরঞ্জামসহ চক্রের ৬ সদস্য গ্রেফতার

আসন্ন রমজান ও ঈদকে ঘিরে কোটি কোটি টাকার জাল নোট বাজারে ছাড়ার পরিকল্পনা নিয়ে মাঠে নেমেছে জাল নোট তৈরির কারিগর ও তাদের গ্রুপের সদস্যরা। গত ৮ জুন সোমবার রাতে রাজধানীর মিরপুর থানার মনিপুরী আদর্শ রোডের একটি বাসা থেকে সংঘবদ্ধ ওই চক্রের ৬ সদস্যকে গ্রেফতার করার পর এমন তথ্য পেয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ ডিবি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), ইত্তেফাক (পৃ.৩,ক.৬), প্রথম আলো (পৃ.৫,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

৯। পলাতক রাজাকার কমান্ডার হাসান আলীর মৃত্যুদণ্ড
: ফাঁসিতে ঝুলিয়ে বা গুলি করে দণ্ড কার্যকরের নির্দেশ

দেশের স্বাধীনতা যুদ্ধের সময় কিশোরগঞ্জে হত্যা, গণহত্যা, অপহরণ, লুটপাটের মতো যুদ্ধাপরাধের দায়ে তখনকার রাজাকার কমান্ডার পলাতক সৈয়দ মো. হাসান আলীকে মৃত্যুদণ্ড দিয়েছে আদালত। একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচারে গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি এম ইনায়েতুর রহিম গতকাল ৯ জুন মঙ্গলবার এ মামলার রায় ঘোষণা করেন। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২)। জনকণ্ঠ, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। নারী উদ্যোক্তাদের চাহিদার বিষয়ে ব্যাংকগুলো উদাসীন : বাংলাদেশ ব্যাংক গভর্নর

নারী উদ্যোক্তাদের চাহিদা ও প্রয়োজনের বিষয়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো উদাসীন বলে মন্তব্য করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। রাজধানীর হোটেল রেডিসনে আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড আয়োজিত নারী উদ্যোক্তাদের জন্য ঋণসেবা 'পূর্ণতার'র উদ্বোধনকালে গতকাল ৯ জুন মঙ্গলবার তিনি এ কথা বলেন। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.৮), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬)।

১১। রাজউকের প্রকল্পে ফ্ল্যাট তৈরি করতে চায় রিহ্যাব

রাজউকের আবাসন প্রকল্পে ফ্ল্যাট তৈরি করে দেওয়ার প্রস্তাব দিয়েছে রিহ্যাব। গতকাল ৯ জুন মঙ্গলবার রাজধানীতে গ্রীষ্মকালীন আবাসন মেলার উদ্বোধন অনুষ্ঠানে সংগঠনের সভাপতি আলমগীর শামসুল আলামিন এ প্রস্তাব দেন। চারদিনের এ মেলার আয়োজন করেছে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)। গতকাল ৯ জুন মঙ্গলবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মেলার উদ্বোধন করেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। এবারের মেলার প্রতিপাদ্য 'এখনই সময় আবাসন খাতে বিনিয়োগের'। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৭), প্রথম আলো (পৃ.১৩,ক.৬)।

১২। ২৫ হাজার হজ যাত্রীর কোটা বৃদ্ধির সুপারিশ নাকচ

নির্ধারিত কোটা এক লাখ এক হাজার ৭৫৮ জনের অতিরিক্ত পঁচিশ হাজার হজযাত্রীর কোটা বৃদ্ধির সুপারিশ সরাসরি নাকচ করে দিয়েছে সৌদি সরকার। তাই নির্ধারিত কোটায় আগামী ১৮ জুনের মধ্যে সৌদি আরবে ব্যাংক হিসাব খোলা, টাকা জমা দেওয়া, বাড়ি ভাড়া চুক্তি সম্পন্ন ও সৌদি মোয়াল্লেমদের সঙ্গে চুক্তিসহ যাবতীয় কাজ শেষ করতে হবে। গতকাল ৯ জুন মঙ্গলবার ধর্ম মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), নয়াদিগন্ত (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

১৩। প্রতীক্ষিত বাংলাদেশ-ভারত টেস্ট আজ শুরু

ভারতের সঙ্গে বাংলাদেশের বহুল প্রতীক্ষিত ক্রিকেট টেস্ট আজ ১০ জুন বুধবার শুরু হচ্ছে। ফতুল্লার খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামে সকাল ১০টায় এ ম্যাচ দিয়েই দীর্ঘ নয় বছর পর টেস্ট ম্যাচ ফিরছে। বাংলাদেশ এবং ভারত উভয় দলের জন্যই এ ম্যাচটি খুব গুরুত্বপূর্ণ। সূত্র-সংবাদ (পৃ.১, ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.৭), ইনকিলাব (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১)। ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : বাংলাদেশ, ভারত, ভুটান ও নেপালের মধ্যে সড়কপথে যাত্রীবাহী, ব্যক্তিগত ও পণ্যবাহী যান

চলাচলের চুক্তির ক্ষেত্রে অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশও যাতে সমান সুযোগ সুবিধা পায় সেব্যাপারে সতর্ক থাকার সুপারিশ;

খ. ইত্তেফাক : চরাঞ্চলের প্রায় পৌনে এক কোটি মানুষের দারিদ্র্য কমাতে যোগাযোগ ব্যবস্থা উন্নত করার পাশাপাশি শিক্ষা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করার আহ্বান;

গ. জনকণ্ঠ : বিভিন্ন দেশে অবৈধপথে পাড়ি দেওয়া অভিবাসী সংকট থেকে উত্তরণে নিজ দেশে উপযুক্ত কর্মক্ষেত্র গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : রাজনৈতিক ক্ষমতার অপব্যবহারকারী ঋণ খেলাপীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

ঙ. সমকাল : নাখালপাড়ায় একটি আইসক্রিম তৈরির কারখানায় কাপড়ের রঙ ব্যবহারের সময় র‌্যাবের একটি দল অভিযান চালিয়েছে উল্লেখ করে জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি এ ধরনের কর্মকাণ্ড রোধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার : চরম অপুষ্টির শিকার শিশুদের জন্য আইসিডিডিআরবি উদ্ভাবিত বিশেষ খাবার অপুষ্টি দূরিকরণে বিশেষ অবদান রাখবে বলে আশা প্রকাশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : বিভিন্ন সামাজিক নিরাপত্তা খাতে সরকারি ব্যয় বরাদ্দ বাড়ানোর পাশাপাশি প্রকৃত প্রয়োজনীয় খাতে অর্থ ব্যয়ের ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান : খাদ্যপণ্যে ক্ষতিকারক রাসায়নিকের ব্যবহার প্রতিরোধে চলমান মার্কেট মনিটরিংয়ের ব্যবস্থা করাসহ বিদ্যমান আইনের কঠোর বাস্তবায়নের আহ্বান;

ঝ. নিউ নেশন,ডেইলি অবজারভার : রাজধানীর যানজট নিরসনে আইন প্রয়োগকারী সংস্থাকে জনদুর্ভোগ লাঘবে সব ধরনের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ঞ. নিউ এজ : বিদেশে বাংলাদেশি দূতাবাসের লোকদের যথাযথভাবে সহযোগিতার মনোভাব নিয়ে প্রবাসী বাংলাদেশিদের সেবায় সার্বিক সহযোগিতা করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে সব রাজনৈতিক দলগুলিকে সংবিধানসম্মত গণতান্ত্রিক অধিকার চর্চার ধারা বজায় রাখতে সচেষ্ট হতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'বাজেটে গরিব শিক্ষা' শিরোনামের নিবন্ধে আলমগীর খান মোট বাজেট ও জিডিপির তুলনায় শিক্ষা খাতে বরাদ্দ কমালে মানবসম্পদ উন্নয়নের সবচেয়ে ভাল উপায় বিঘ্নিত হয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা